দৈনিক বাংলা

121/75

তারিখ 26 JAN 1989 ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম 6 ... ...

ডকুমেন্টেশন
কেন্দ্র

১২ টি প্যানেল

# ডাকসু নির্বাচন ঃ ২০টি পদে আড়াইশ' মনোনয়নপত্র পেশ

(স্টাফ রিপোর্টার)

ডাকসু ও হল সংসদ নির্বাচনে অংশগ্রহণের জন্যে বিভিন্ন ছাত্র-জোট ও সংগঠন গতকাল মনোনয়ন পত্র পেশ করেছে। গতকাল বিকাল থেকেই মনোনয়নপত্র বাছাইয়ের কাজ শুরু হয়।

রাতে এ রিপোর্ট লেখার সময় সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে যে ডাকসুর মোট ২০টি পদে প্রায় আড়াইশ মনোনয়নপত্র জমা পড়েছে তবে বাছাই সম্পন্ন না হওয়ায় ১৩টি হলের ১৫৬টি পদে মোট কতজন প্রার্থী হচ্ছেন তা জানা সম্ভব হয়নি।

ডাকসু ও হল সংসদের প্রার্থী পদ প্রত্যাহারের শেষ সময় ২৯শে জানুয়ারী বেলা দুটা। পয়লা ফেব্রুয়ারী প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

বিভিন্ন ছাত্রজোট ও সংগঠন ডাকসুতে প্যানেল ভিত্তিতে মনোনয়নপত্র দাখিল করেছে। মোট প্যানেল সংখ্যা ১২টি।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ-

(৫-এর পৃঃ পৃঃ)

## চিন্তা ভাবনা

(১-এর পৃঃ পর)

সংখ্যান নিয়ে সভায় দেখতে পান যে এক বিষয়ে ফেল এমন অনেক ছাত্র রয়েছে যারা অন্যান্য বিষয়ে খুব ভালো ফল করেছে এমন কি তাদের প্রথম বিভাগ প্রাপ্তির নম্বর পর্যন্ত রয়েছে। কিন্তু একটি বিষয়ে খারাপ করার কারণে পুরো পরীক্ষায় ফেল হয়ে গেছে। এছাড়াও কর্মকর্তারা ঐ ধরনের ছাত্রছাত্রীদের স্কুলের বিভিন্ন পরীক্ষার ফলাফল বিশ্লেষণ করে দেখতে পান যে তাদের অনেকের রেজাল্ট খুবই ভালো। কিন্তু ফেল করার জন্য এক বছরের জন্য যেমন পিছিয়ে পড়ছে শিক্ষার্থীরা, তেমনি অধিকাংশ দরিদ্র অভিভাবক বহন করছেন এক বছরের বাড়তি খরচ। অন্যদিকে শিক্ষাজীবনে পিছিয়ে পড়ছে বহুসংখ্যক পরীক্ষার্থী। অনেক দরিদ্র অভিভাবক পুনর্বার শিক্ষার খরচ যোগান দিতে গিয়ে ব্যর্থ হন, ফলে এভাবেও বহু শিক্ষার্থীর লেখাপড়ায় ছেদ পড়ছে মাঝ পথেই।